# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (২১২) সংক্ষিপ্তভাবে আবু বকর, উমার ও উছমান (রাঃ)এর খেলাফতের দলীল পেশ করুন

উত্তরঃ এব্যাপ্যারে অনেক দলীল রয়েছে। তার মধ্যে থেকে কতিপয় দলীল পূর্বে আলোচনা করা হয়েছে। আবু বাকরা (রাঃ) হতে বর্ণিত আছে, একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ

(مَنْ رَأَى مِنْكُمْ رُؤْيَا فَقَالَ رَجُلٌ أَنَا رَأَيْتُ كَأَنَّ مِيزَانًا نَزَلَ مِنَ السَّمَاءِ فَوُزِنْتَ أَنْتَ وَأَبُو بَكْرٍ فَرَجَحْتَ أَنْتَ بِأَبِي بَكْرٍ وَوُزِنَ أَبُو بَكْرٍ وَعُمَرُ فَرَجَحَ أَبُو بَكْرٍ وَوُزِنَ عُمَرُ وَعُثْمَانُ فَرَجَحَ عُمَرُ ثُمَّ رُفِعَ الْمِيزَانُ)

“আজ তোমাদের মধ্যে কেউ কোন স্বপ্ন দেখেছে কি? এক ব্যক্তি বললঃ আমি দেখলাম আকাশ থেকে একটি দাড়িপাল্লা অবতরণ করল। আপনাকে এবং আবু বকরকে দাড়িপাল্লায় তোলা হল। এতে আপনার ওজন বেশী হল। তারপর আবু বকর ও উমারকে ওজন করা হল। এবার আবু বকরের ওজন বেশী হল। এরপর উমার ও উছমানকে ওজন করার সময় উছমানের তুলনায় উমারের ওজন বেশী হল। তারপর দাড়িপাল্লা উঠিয়ে নেয়া হল”।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(أُرِيَ اللَّيْلَةَ رَجُلٌ صَالِحٌ أَنَّ أَبَا بَكْرٍ نِيطَ بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ وَنِيطَ عُمَرُ بِأَبِي بَكْرٍ وَنِيطَ عُثْمَانُ بِعُمَرَ)

“আজ রাতে একজন সৎ লোককে স্বপ্নে দেখানো হয়েছে যে, আবু বকরকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর সাথে জোড়া দেয়া হয়েছে। উমারকে আবু বকরের সাথে জোড়া দেয়া হয়েছে এবং উছমানকে উমারের সাথে জোড়া দেয়া হয়েছে”।[2]

## ফুটনোট

[1] - আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুস্ সুন্নাহ। ইমাম হাকেম হাদীছটিকে সহীহ বলেছেন।

[2] - আবু দাউদ, অধ্যায়ঃ কিতাবুস্ সুন্নাহ। ইমাম হাকেম হাদীছটিকে সহীহ বলেছেন। তবে আলবানী (রঃ) যঈফ বলেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12026

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন